

PRINT

# সমকালে

বগুড়ার সাতশিমুলিয়া উচ্চ বিদ্যালয়

## টাকা ছাড়া দেওয়া হয়নি নতুন বই

৯ ঘণ্টা আগে

### বগুড়া বুরো



সেশন ফির টাকা না দেওয়ায় শিক্ষার্থীদের মঙ্গলবার নতুন বই দেয়নি বগুড়া সদরের সাতশিমুলিয়া উচ্চ বিদ্যালয় কর্তৃপক্ষ। ফলে বিদ্যালয়টিতে সরকার ঘোষিত বই উৎসবও হয়নি। এদিকে নতুন বই না পেয়ে শিক্ষার্থী ও অভিভাবকদের বিক্ষেপের মুখে পুলিশ ডাকতে বাধ্য হন শিক্ষকরা। তার পরও তারা শিক্ষার্থীদের টাকা ছাড়া বই দিতে রাজি হননি।

জানা যায়, সাতশিমুলিয়া উচ্চ বিদ্যালয়ে প্রায় ৬০০ শিক্ষার্থী রয়েছে। তাদের মধ্যে ষষ্ঠ থেকে নবম শ্রেণির প্রায় ৫০০

শিক্ষার্থীকে বছরের প্রথম দিন নতুন বই দেওয়ার কথা। এজন্য শিক্ষা দপ্তর থেকে বিদ্যালয়টিতে বইও পোঁচানো হয়েছে। নতুন বই নেওয়ার জন্য মঙ্গলবার সকাল থেকেই শিক্ষার্থীরা বিদ্যালয়ে আসতে শুরু করে। কিন্তু বিদ্যালয়ের মাইক থেকে ঘোষণা করা হয়, সেশন ফি ছাড়া কাউকে নতুন বই দেওয়া হবে না।

শিক্ষার্থীরা বিষয়টি নিয়ে প্রধান শিক্ষক হাফিজার রহমানের সঙ্গে দেখা করে নতুন বই দেওয়ার দাবি করে। কিন্তু প্রধান শিক্ষক তাতে রাজি না হওয়ায় শিক্ষার্থীরা ক্ষুব্ধ হয়ে ওঠে। খবর পেয়ে তাদের অভিভাবকরাও বিদ্যালয়ে জড়ে হতে শুরু করেন। কিন্তু দুপুরের পরও বই না দেওয়ায় শিক্ষার্থীদের মধ্যে উত্তেজনা ছড়িয়ে পড়ে। পরিস্থিতি মোকাবেলার জন্য থানায় খবর দেয় বিদ্যালয় কর্তৃপক্ষ। ওই বিদ্যালয়ের অষ্টম শ্রেণির ছাত্র মোর্শেদুল ইসলাম অভিযোগ করে, সেশন ফির টাকা পরিশোধ করতে না পারায় তাকে নতুন বই দেওয়া হয়নি। দুলালী বেগম নামে এক অভিভাবক জানান, তার মেয়ে ওই বিদ্যালয়ের অষ্টম শ্রেণির ছাত্রী। বিদ্যালয় থেকে টাকা ছাড়া বই না দেওয়ায় সে বাড়িতে গিয়ে কান্না শুরু করেছে। পরে অন্যের কাছ থেকে টাকা ধার করে এনে মেয়েকে টাকাসহ বিদ্যালয়ে পাঠিয়েছেন। একই অভিযোগ করেন আরও কয়েকজন শিক্ষার্থী ও তাদের অভিভাবকরা।

তবে সাতশিমুলিয়া উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক হাফিজার রহমান এসব অভিযোগ অস্বীকার করেছেন। তিনি বলেন, 'আমরা সবাইকে বই দিয়েছি।' সেশন ফি বিষয়ে মাইকে ঘোষণার বিষয়ে জানতে চাইলে তিনি বলেন, 'মাইকে আমরা নতুন বই নিতে শিক্ষার্থীদের ডাকাডাকি করেছি।'

এদিকে নতুন বই দেওয়া হচ্ছে না খবর পেয়ে বগুড়া সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা আজিজুর রহমান ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা গোলাম মাহবুব মোর্শেদ বিদ্যালয়ে ছুটে যান। উপজেলা নির্বাহী কর্মকর্তা আজিজুর রহমান জানান, অভিযোগটি তারা সরেজমিন তদন্ত করেছেন। সরকারের নির্দেশনা অনুযায়ী বছরের প্রথম দিনই বই উৎসব হবে। এজন্য শিক্ষার্থীদের কাছ থেকে বকেয়া বেতন কিংবা সেশন ফি গ্রহণের শর্ত জুড়ে দেওয়া যাবে না। বকেয়া থাকলে তা অন্য সময়ে আদায় করতে হবে। তদন্ত করার পর জেলা প্রশাসকের কাছে প্রতিবেদন জমা দেওয়া হবে।

শিক্ষার্থীদের বিক্ষেপে জেরে বিদ্যালয়ে পুলিশ পাঠ্যনোর খবর নিশ্চিত করেছেন বগুড়া সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এসএম বদিউজ্জামান।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি | প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ | ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,  
বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ | ইমেইল: [info@samakal.com](mailto:info@samakal.com)